# প্রতিষ্ঠানের নাম: সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)

## ২০২০-২১ অর্থ বছরের জন্য উদ্ভাবনী ধারণার তথ্য

| | |
|---|---|
| ১. উদ্ভাবনী ধারণার শিরোনাম: | **"দলভিত্তিক ক্যাফেটেরিয়া পরিচালনার মাধ্যমে যুব উদ্যোক্তা প্রতিষ্ঠান গড়ে তোলা ও দরিদ্র বেকার যুবদের কর্মসংস্থান সৃষ্টি"** |
| ২. পরিচিতি: | ক্যাফেটেরিয়া বা রেস্টুরেন্ট ব্যবসা একটি বহুল প্রচলিত লাভজনক প্রতিষ্টান। এই ব্যবসার সাফল্যের অনেক ইতিহাস রয়েছে। এসডিএফ কর্তৃক ২০২০-২১ অর্থ বছরের উদ্ভাবনী ধারণা : **" দলভিত্তিক ক্যাফেটেরিয়া পরিচালনার মাধ্যমে যুব উদ্যোক্তা প্রতিষ্ঠান গড়ে তোলা ও দরিদ্র বেকার যুবদের কর্মসংস্থান সৃষ্টি "**। ক্যাফেটেরিয়াটির বিশেষত্ব হলো এটি প্রচলিত ক্যাফেটেরিয়ার মত এককভাবে বাণিজ্যিক মুনাফা অর্জনের নিমিত্ত পরিচালিত হবে না বরং এটি সাতক্ষীরা জেলার নূতন জীবন জেলা কমিউনিটি সোসাইটির সার্বিক তত্বাবধানে এবং এসডিএফ এর নিয়মিত পর্যবেক্ষণ ও মূল্যায়নের মাধ্যমে পরিচালিত হবে। উদ্ভাবনী এ ধারণা মাধ্যমে গতানুগতিক ব্যবসা ব্যবস্থাপনা ও এককেন্দ্রিক প্রতিষ্ঠান গড়ে তোলার পরিবর্তে দলভিত্তিক ক্যাফেটেরিয়া ব্যবসা ব্যবস্থাপনা গড়ে তোলা হবে। ক্যাফেটেরিয়াটি প্রতিষ্ঠার মূল উদ্দেশ্য হলো একক মালিকানার পরিবর্তে দলীয় মালিকানা এবং গ্রামের দরিদ্র ও অতি দরিদ্র জনগোষ্ঠীর সমন্বয়ে গঠিত নূতন জীবন জেলা কমিউনিটি সোসাইটির মালিকানা তৈরী করা। শুধূ তাই নয়, ক্যাফেটেরিয়াটি সাতক্ষীরা চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট কোর্ট ভবনে পেশাগত কারণে অবস্থানরত সকল কর্মকর্তা -কর্মচারী এবং আগত আইন সেবাগ্রহণকারী সকল জনগোষ্টির স্বাস্থ্যসম্মত খাদ্য ন্যায্যমূল্যে প্রাপ্তি নিশ্চিত করবে। যার ফলে, আদালতে অবস্থানরত কর্মকর্তা-কর্মচারী এবং বিচার প্রার্থীসহ সকল শ্রেণীর মানুষের খাবার প্রাপ্তিতে অতিরিক্ত সময় ও অর্থ খরচ কমবে। এই ক্যাফেটেরিয়া হতে অর্জিত মুনাফার একটি অংশ দরিদ্র জনগোষ্ঠীর কল্যাণে ব্যয় করা হবে। সুতরাং, এ উদ্ভাবনী ধারণাটি অন্য সকল প্রচলিত ক্যাফেটেরিয়া হতে সম্পূর্ণ আলাদা ও তাৎপর্যপূর্ণ। এসডিএফ নিজস্ব চলমান নীতিমালা অনুসরণ করে উদ্ভাবনী তহবিল প্রদানের মাধ্যমে ক্যাফেটেরিয়াটি স্থাপন করবে। তবে, সম্পূর্ণ বাস্তবায়ন কার্যক্রম এসডিএফ এর যুব উদ্যোক্তা ও সাতক্ষীরা নূতন জীবন জেলা কমিউনিটি সোসাইটির সার্বিক তত্বাবধানে পরিচালিত হবে। |
| ৩. উদ্দেশ্য: | • ক্যাফেটেরিয়া পরিচালনার মাধ্যমে দলভিত্তিক যুব উদ্যোক্তা গড়ে তোলা এবং দরিদ্র বেকার যুবদের কর্মসংস্থান সৃষ্টিসহ তাদের মাসিক আয় নিশ্চিত করা;<br>• দলভিত্তিক ক্যাফেটেরিয়া পরিচালনার মাধ্যমে প্রাপ্ত মুনাফার একটি অংশ নূতন জীবন জেলা কমিউনিটি সোসাইটিতে অন্তভুর্ক্ত দরিদ্র জনগোষ্টিকে প্রদানের মাধ্যমে তাদের জীবন মান উন্নয়নে ও সোসাইটির স্বায়ীত্বকরণে সহায়তা করা;<br>• সাতক্ষীরা চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট কোর্ট ভবনে পেশাগত কারণে অবস্থানরত সকল কর্মকর্তা -কর্মচারী এবং আগত আইন সেবাগ্রহণকারী সকল জনগোষ্টির স্বাস্থ্যসম্মত খাবার ন্যায্যমূল্যে প্রাপ্তি নিশ্চিত করা;<br>• ক্যাফেটেরিয়ায় যুব-নারীকর্মী নিয়োগ এবং তাদের দক্ষতা বৃদ্ধি ও একাজে অংশগ্রহণের মাধ্যমে আর্থিক সচ্ছলতাসহ নারীর ক্ষমতায়ন করা। |
| ৪. কর্মপদ্ধতি: | • উদ্ভাবনী ধারণা পত্র তেরী;<br>• উদ্ভাবনী ধারণা পত্র রিভিউ ও অনুমোদন;<br>• উদ্ভাবনী ধারণার কার্যাদেশ প্রদান ও বাস্তবায়ন;<br>• যুব চিহ্নিতকরণ ও দক্ষতা উন্নয়ন;<br>• যুব উদ্যোক্তা ও সাতক্ষীরা নূতন জীবন জেলা কমিউনিটি সোসাইটি কর্তৃক ক্যাফেটেরিয়া পরিচালনা কমিটি গঠন এবং কার্যক্রম শুরু করা;<br>• এসডিএফ, যুব উদ্যোক্তা ও সাতক্ষীরা নূতন জীবন জেলা কমিউনিটি সোসাইটি এর সাথে ক্যাফেটেরিয়া পরিচালন চুক্তি ও অর্থ প্রদান;<br>• ক্যাফেটেরিয়ার আসবাবপত্র-সরঞ্জামসহ যাবতীয় সামগ্রী ক্রয় এবং ক্যাফেটেরিয়া প্রস্তুতকরণ; |

<table>
<tr><td></td><td>
<ul>
<li>ক্যাফেটেরিয়া উদ্বোধন ও চালু;</li>
<li>নিয়মিত তদারকি, পরীবিক্ষণ ও মূল্যায়ন;</li>
<li>আয় ও ব্যয়ের হিসাব তৈরি এবং লভ্যাংশ বিতরণ;</li>
<li>বাৎসরিক কর্মমূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন ও প্রচার।</li>
</ul>
</td></tr>
<tr><td>৫. উপকারিতা/সুফল:</td><td>
<ul>
<li>প্রতিমাসে আনুমানিক ২০,০০০ টাকা হতে ২৫,০০০ টাকা নীট লাভ হবে;</li>
<li>পরিচালনাকারীরা সর্বনিম্ন খরচে ভোগ্য ও খাবার সামগ্রী ক্রয় ও প্রস্তত করে ন্যায্য মূল্যে বিক্রয় করবে;</li>
<li>৭ থেকে ১০ জন বেকার যুবর কর্মসংস্থান হবে এবং প্রতি জন যুবক মাসে ৭,০০০ -৮,০০০ টাকা বেতন পাবে;</li>
<li>সেবা গ্রহীতাগণ সহজে ও ন্যায্য মূল্যে ভেজালমুক্ত মানসম্মত খাবার পাবে;</li>
<li>ডিজিটাল পদ্ধতিতে দৈনন্দিন আয়-ব্যয় ও বিপনণ কার্যক্রম পরিচালনা করতে পারবে;</li>
<li>প্রকল্পটির সফল বাস্তবায়নের ফলে এটি অনুকরণীয় উদ্যোগ হিসেবে এসডিএফ অন্যান্য কর্ম এলাকায়ও গ্রহণ ও বাস্তবায়নের সুযোগ সৃষ্টি হবে;</li>
<li>প্রাপ্ত মুনাফার একটি অংশ নূতন জীবন জেলা কমিউনিটি সোসাইটিতে অন্তভুর্ক্ত দরিদ্র জনগোষ্টিদেরকে প্রদানের মাধ্যমে তাদের জীবন মান উন্নয়ন ও সোসাইটির স্বায়ীত্বকরণে সহায়তা করবে।</li>
</ul>
</td></tr>
<tr><td>৬.প্রত্যাশিত ফলাফল (TCV):</td><td>
<table>
<tr><th></th><th>সময়</th><th>খরচ</th><th>যাতায়াত</th></tr>
<tr><td>আইডিয়া বাস্তবায়নের আগে</td><td>৫০ মিনিট</td><td>১৫০-২০০ টাকা</td><td>২ কিলোমিটার/৩০-৪০ টাকা আসা-যাওয়া খরচ</td></tr>
<tr><td>আইডিয়া বাস্তবায়নের পরে</td><td>৫ মিনিট</td><td>১০০-১২০ টাকা</td><td>ক্যাফেটেরিয়া কোর্টের মধ্যে অবস্থানের জন্য কোন খরচ নাই</td></tr>
<tr><td>আইডিয়া বাস্তবায়নের ফলে সেবা গ্রহিতার প্রত্যাশিত বেনিফিট</td><td>৪৫ মিনিট সময় কম লাগবে যা অন্য কাজে ব্যবহার করা যাবে।</td><td>প্রতিবারে ৫০-৮০ টাকা সঞ্চয় হবে যা অন্য কাজে ব্যয় করা যাবে এবং স্বাস্থ্য সম্মত খাবার নিশ্চিত হবে</td><td>যাতায়াতের জন্য কোন বাড়তি খরচ লাগছে না।</td></tr>
</table>
</td></tr>
<tr><td>৭. বাস্তবায়ন ও পরিচালন ব্যয়:</td><td>মোট ৩২ (বত্রিশ) লক্ষ টাকা।</td></tr>
<tr><td>৮. বাস্তবায়ন সময়কাল (সম্ভাব্য তারিখসহ)</td><td>জুলাই ২০২০ – জুন ২০২১।</td></tr>
<tr><td>৯. সুবিধাভোগীর ব্যয় (যদি থাকে)</td><td>ধারণা বাস্তায়নের পরে ১০০-১২০ টাকা যা পূর্বে ১৫০-২০০ টাকা ছিল।</td></tr>
<tr><td>১০. সম্প্রসারণের সুযোগ (যদি থাকে)</td><td>প্রকল্প অন্যান্য এলাকায় প্রতিটি চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট কোর্ট ভবনে অথবা সুবিধাজনক স্থানে (বাজার গবেষণার ভিত্তিতে চিহ্নিত) সম্প্রসারণ করা যেতে পারে।</td></tr>
<tr><td>১১. সম্ভাব্য ঝুঁকি:</td><td>সফলভাবে উদ্যোগ বাস্তবায়ন ও অব্যাহত রাখার ক্ষেত্রে সমস্যা ও ঝুঁকিসমূহ যেমন: কারিগরি জ্ঞানের অভাব, উপকরণাদি ক্রয়ের ক্ষেত্রে স্বচ্ছতার অভাব, বিপণন সমস্যা, দক্ষ ব্যবস্থাপনা সমস্যা, নিয়মিত মনিটরিং ও ফলোআপের সমস্যা প্রভৃতি।</td></tr>
</table>

**ধারণা প্রদানকারী কর্মকর্তা - কর্মচারীর নাম ও পদবীঃ**

১. মো. শহীদুল ইসলাম, ডিজিএম, যুব কর্মসংস্থান, এসডিএফ, ঢাকা।
২. মো. আবুল কালাম আজাদ , জেলা সমন্বয়কারী, এসডিএফ, সাতক্ষীরা।
৩. উত্তম চৌধুরী, কর্মকর্তা, যুব কর্মসংস্থান, এসডিএফ, ঢাকা।
৪. মো. হাসান মাহমুদ, জেলা কর্মকর্তা -জীবিকায়ন, এসডিএফ,সাতক্ষীরা।